৩


দৈনিক ইত্তেফাক

তারিখ 07 AUG 1994
পৃষ্ঠা ১ কলাম ১


## উচ্চ শিক্ষার মান বাড়াইতে হইবে

..............................প্রেসিডেন্ট

বাসস ।। প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস গতকাল (শনিবার) দেশে উচ্চ শিক্ষার মান উন্নত করার উপর গুরুত্ব আরোপ করিয়া বলিয়াছেন, গুণগত উৎ-

(২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

### প্রেসিডেন্ট

( ১ম পৃঃ পর)

কর্ষ ব্যতীত আমাদের ছাত্ররা প্রতিযোগিতামূলক বিশ্বে কৃতিত্ব অর্জন করিতে পারিবে না। বরিশাল সরকারী ডিগ্রী কলেজ ছাত্র সংসদের ২০ সদস্যের একটি প্রতিনিধিদলের সঙ্গে বঙ্গভবনে আলোচনাকালে প্রেসিডেন্ট বিশ্বাস একথা বলেন। স্থানীয় বিএনপি নেতা প্রিন্সিপ্যাল আবদুর রশিদ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। প্রেসিডেন্ট বিশ্বাস শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে সন্ত্রাসমুক্ত রাখার জন্য ছাত্রদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, মানব সম্পদের উন্নয়নের জন্য সরকার দেশের শিক্ষা খাতে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়াছেন।

কলেজের প্রিন্সিপ্যাল আবদুল ওয়াহেদ গণশিক্ষা ও উচ্চ শিক্ষার ব্যাপারে সরকারের গুরুত্ব প্রদানের বিষয়টির প্রশংসা করেন। তিনি প্রেসিডেন্টকে জানান, কলেজে সন্ত্রাসী তৎপরতা নাই এবং শিক্ষাঙ্গনে কোন অশুভ তৎপরতাও নাই। প্রিন্সিপ্যাল আবদুর রশিদ খান বরিশালের বিভাগীয় সদর দফতরে একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় এবং শিক্ষা বোর্ড স্থাপনের জন্য প্রেসিডেন্টের নিকট আবেদন জানান।

এই সময় অন্যান্যের মধ্যে মহিলা কলেজের সাবেক প্রিন্সিপ্যাল শামসুদ্দীন খান, ছাত্র সংসদের টিচার-ইনচার্জ সৈয়দ রমিজুদ্দীন, ভাইস প্রেসিডেন্ট রফিকুল ইসলাম শাহীন, সাধারণ সম্পাদক মনোয়ার হোসেন জিপপু প্রমুখ উপস্থিত ছিলেন।